

বৈশাখী মেলা ২০০৮ সম্পর্কে বঙ্গবন্ধু সোসাইটি অস্ট্রেলিয়ার বক্তব্য

গতবারের মত এবারও আমরা দুঃখজনকভাবে লক্ষ্য করছি যে, দুটি বৈশাখী মেলা একই দিনে আয়োজনের ঘোষণা দেওয়া হয়েছে। এ ব্যাপারে আমরা মনে করি আমাদের অবস্থান জনসাধারণের কাছে পরিষ্কার হওয়া উচিত।

গত বছর ১৪ই এপ্রিল টেম্পি পার্কে একটি মেলা এবং ২১শে এপ্রিল একই দিনে অলিম্পিক পার্কে এবং রয়েল রেভউইক রেসকোর্স পার্কে দুটি মেলা অনুষ্ঠিত হয়। টেম্পি পার্কের আয়োজকরা মেলার দিন এবং পরবর্তীতে ২১ শে এপ্রিল ‘বাসভূমি ডট কমে’ ২০০৮ সালের ১৯ শে এপ্রিল পরবর্তী মেলার আয়োজনের ঘোষণা দেয় এবং সেই মোতাবেক সকল আয়োজন সম্পন্ন করে।

ইতিমধ্যে রেভউইক এবং টেম্পি পার্কের আয়োজকরা নিজেদের মধ্যে ভুল বুঝাবুঝির নিরসন করে পূর্বাভাস্য ফিরে যান এবং বঙ্গবন্ধু সোসাইটি স্বাভাবিক গতিধারায় ১৯শে এপ্রিল ২০০৮ এর বৈশাখী মেলার আয়োজন চূড়ান্ত করে। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করছি, অলিম্পিক পার্কের আয়োজকরা একই দিনে অতিসম্প্রতি মেলার ঘোষণা দিয়েছেন।

মেলা আয়োজনের প্রাধান্যতম বিষয় জায়গা নির্বাচন এবং ভাড়া, বিশেষ করে একটি নির্দিষ্ট দিনের জন্য ৮ থেকে ১২ মাস আগের থেকে করতে হয়। তা না হলে জায়গা পাওয়া অনিশ্চিত হয়ে যায়। এমতাবস্থায় অলিম্পিক পার্কের আয়োজকরা কেন যে শেষের দিকে এসে আমাদের পূর্ব ঘোষিত দিনে তাদের মেলারও ঘোষণা দিলেন, তা বোধগম্য হচ্ছে না। এ পর্যন্ত আমরা তাদের কারও কাছ থেকেই কোন ফোন বা এব্যাপারে কোন সমঝোতার কোন প্রস্তাব পাইনি। আমরা মনে করি, এটি একটি গর্হিত ও স্বাভাবিক শিষ্ঠাচার বহির্ভূত কাজ।

আমরা চাইনা কোন অবস্থায়ই দুটি মেলা একই দিনে অনুষ্ঠিত হোক। তারপরও আমরা অনুরোধ করবো সিডনির বাঙালি কমিউনিটির সুবিধার্থে সুস্থ ও সৌহার্দপূর্ণ সাংগঠনিক সহঅবস্থানের স্বার্থে তারা যেন অলিম্পিক পার্কের মেলাটি অন্য একটি দিনে সরিয়ে নেন। আমরাও চেষ্টা করবো আমাদের মেলা এক সপ্তাহ আগে বা পরে নেওয়ার জন্য।

কিন্তু এ পর্যায়ে আমাদের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে তা সম্ভব না হলে আমাদের করার কিছু থাকবেনা। সে ক্ষেত্রে দুটি মেলা একই দিনে অনুষ্ঠিত হওয়ার জন্য অলিম্পিক পার্কের আয়োজকরাই দায়ী থাকবেন। এমতাবস্থায় আমরা জনগনের অসুবিধার জন্য আন্তরিকভাবে দুঃখিত।

প্রফেসর ডঃ রফিকুল ইসলাম

আহ্বায়ক, বঙ্গবন্ধু সোসাইটি অস্ট্রেলিয়া